গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪০.৩৬.১৫.২০১৫-৪৪ তারিখঃ ০৩-১১-২০১৫ খ্রিঃ

বিষয় ঃ নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ সংক্রান্ত।

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় ০৫ (পাঁচ) টি পদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি ২টি জরুরিভিত্তিতে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ।

(আবুল হাছান খান)
যুগ্ম-সচিব
পরিচালক (পরিকল্পনা)
ও
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।

প্রাপক ঃ

১। **বিজ্ঞাপন ম্যানেজার**
বাংলাদেশ প্রতিদিন
৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা
ঢাকা-১২২৯।

২। **বিজ্ঞাপন ম্যানেজার**
"দি ডেইলী ষ্টার"
২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৪।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪০.৩৬.১৫.২০১৫- তারিখঃ ০৩-১১-২০১৫ খ্রিঃ

সদয় অবগতিঃ-

০১। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে বিজ্ঞপ্তি ২টি ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৩। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। অফিস কপি।

(আবুল হাছান খান)
যুগ্ম-সচিব
পরিচালক (পরিকল্পনা)
ও
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।

E/Monir/P-1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৪০.৩৬.১৫.২০১৫-৪৫ তারিখ ঃ ০৩-১১-২০১৫ খ্রিঃ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় নিম্নে বর্ণিত পদে জনবল নিয়োগের জন্য ১৮-৩০ বৎসর বয়সী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদগুলি বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত, সম্পূর্ণ অস্থায়ী এবং শুধু প্রকল্পের মেয়াদকাল পর্যন্ত স্থায়ী হবে। দেশের উপজেলা পর্যায়ে এ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে। পদের নাম, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় অভিজ্ঞতার বিবরণ নিম্নরূপঃ

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	সর্বসাকুল্যে বেতন	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	প্রশিক্ষক (কম্পিউটার)	৭ (সাত) টি	২৫,০০০/-	অনুর্ধ্ব ৩০ বছর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রীসহ অপারেটিং সিস্টেম, এম.এস.ডস এবং উইন্ডোজ, এম.এস.অফিস, ভিজুয়্যাল ফক্সপো, নেটওয়ার্কিং, ইন্টারনেট, এডুবি ফটোশপ, এডুবি ইলাস্ট্রেটর, এডুবি পেজমেকার, কোয়ার্ক এক্সপ্রেস ভিজুয়্যাল বেসিক এবং বাংলা সফটওয়্যারসহ প্রচলিত প্যাকেজসমূহ জানার স্বপক্ষে সনদপত্র দাখিল করতে হবে। খ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ দানের উপর ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং চাকুরীর শিক্ষা নবিস কাল ১ বছর সন্তোষজনক পারফমেন্সের উপর চাকুরী ধারাবাহিকতা নির্ভর করবে।
০২।	সহকারী প্রশিক্ষক (কম্পিউটার)	৭ (সাত) টি	২০,০০০/-	অনুর্ধ্ব ৩০ বছর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রীসহ অপারেটিং সিস্টেম, এম.এস.ডস এবং উইন্ডোজ, এম.এস.অফিস, ভিজুয়্যাল ফক্সপো, নেটওয়ার্কিং, ইন্টারনেট, এডুবি ফটোশপ, এডুবি ইলাস্ট্রেটর, এডুবি পেজমেকার, কোয়ার্ক এক্সপ্রেস ভিজুয়্যাল বেসিক এবং বাংলা সফটওয়্যারসহ প্রচলিত প্যাকেজসমূহ জানার স্বপক্ষে সনদপত্র দাখিল করতে হবে। খ) প্রার্থীকে অবশ্যই কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ দানের উপর ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং চাকুরীর শিক্ষা নবিস কাল ১ বছর। সন্তোষজনক কর্মসম্পাদনের উপর চাকুরীর ধারাবাহিকতা নির্ভর করবে।

অন্যান্য শর্তাবলি ঃ

০১। দরখাস্তে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপিসহ আবেদনপত্র আগামী ০৬-১২-২০১৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থীর বয়স ০৬-১২-২০১৫ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে।

০৩। বিভাগীয় প্রার্থী এবং সরকারি/আধাসরকারি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অনুরূপ আবেদন নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত হলে তাহা বাতিল বলে গণ্য হবে। একই ভাবে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৪। মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধার পুত্র ও কন্যাদের ক্ষেত্রে প্রযোজ্যঃ

(ক) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যাদের অনুকূলে নির্ধারিত কোটা অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কণ্যা হিসেবে চাকুরী প্রার্থীকে চাকরীর আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(খ) চূড়ান্ত নির্বাচনের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট সকল সার্টিফিকেটের মূল কপি যাচাই করে সত্যতা সম্পর্কে নিশ্চিত হতে হবে।

০৫। প্রার্থীকে আবেদনপত্র প্রেরণের খামের উপর বর্ণিত পদের নাম ও নিজ জেলার নাম আলাদাভাবে উল্লেখ করতে হবে। আবেদনকরী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে ঠিকানায় পত্র পেতে চান সে ঠিকানা সম্বলিত (প্রাপকের স্থানে) ১০ (দশ) টাকার মূল্যমানের ডাক টিকেটযুক্ত ১১ সেঃ মিঃ x ২৫ সেঃ মিঃ আকারের একটি খাম আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

০৬। পদসমূহে নিয়োগকৃত জনবলদেরকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের নিমিত্ত উপজেলাসমূহে ভ্রমণ করতে হবে।

০৭। চাকুরীর মেয়াদ প্রকল্পের মেয়াদ চলাকালীন পর্যন্ত বলবত থাকবে।

০৮। ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র বাছাইয়ের পর যাদের আবেদনপত্র গৃহীত হবে শুধুমাত্র তাদেরকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।

০৯। এস.এস.সি সনদে পিতার নাম এবং প্রার্থীর নাম যেভাবে আছে আবেদনপত্রে সে নাম হুবহু লেখা না হলে বাছাই প্রক্রিয়ার অর্থাৎ বাছাই পরীক্ষা/সাক্ষাৎকারের পূর্বে বা পরে যে কোন পর্যায়ে এ সকল ত্রুটি ধরা পড়লে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১০। সরকারি বিধি মোতাবেক সকল প্রকার কোটা অনুসরণ করা হবে।

১১। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের অপেক্ষমান তালিকা সংরক্ষণ করা হবে।

১২। দরখাস্তের সাথে প্রকল্প পরিচালকের অনুকূলে সকল পদের জন্য ২০০ (দুইশত) টাকা বাংলাদেশ ব্যাংক/ট্রেজারী চালানের মাধ্যমে ১-৩৬৪০-০০০০-২০৩১ (পরীক্ষার ফি) কোডে জমাপূর্বক চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৪। এ নিয়োগ বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dyd.gov.bd -এ পাওয়া যাবে।

১৫। নির্ধারিত সময়ে মধ্যে আবেদনপত্র অবশ্যই প্রকল্প পরিচালক, 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ' টেকাব শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন (৪র্থ তলা, কক্ষ নং-৪০৬), ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ ঠিকানায় ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে।

১৬। এ বিজ্ঞপ্তির মাধ্যমে আহবানকৃত নিয়োগ প্রক্রিয়া বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(আবুল হাছান খান)
যুগ্ম-সচিব
পরিচালক (পরিকল্পনা)
ও
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৪০.৩৬.১৫.২০১৫-৪৮ তারিখ ঃ ০৩-১১-২০১৫ খ্রিঃ

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় নিম্নেবর্ণিত পদে সাকুল্যে বেতনে প্রকল্প মেয়াদে (ডিসেম্বর'১৯ পর্যন্ত) আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃনং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	সর্বসাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	গাড়ী চালক	০৮ টি	১৮-৩০	১৮,০০০/-	(ক) ন্যূনতম এস,এস,সি পাশ। (খ) সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (গ) গাড়ী চালানের লাইসেন্স থাকতে হবে।
০২।	এম,এল,এস,এস	০১ টি	১৮-৩০	১৫,০০০/-	(ক) ন্যূনতম এস,এস,সি পাশ। (খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
০৩।	ক্লিনার	০৭ টি	১৮-৩০	১৫,০০০/-	(ক) ন্যূনতম এস,এস,সি পাশ। (খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

নিম্নোক্ত ছক অনুসরণপূর্বক দরপত্র দাখিল করতে হবেঃ

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা (যদি থাকে)	মাসিক সাকুল্য বেতন	মাসিক সার্ভিস চার্জ ও অন্যান্য ব্যয়	সর্বমোট

অন্যান্য শর্তাবলি ঃ

০১। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যাক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
০২। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
০৩। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন এবং আয়কর সনাক্তকরণ (TIN) থাকতে হবে এবং জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৪। নিয়োজিত কর্মচারীগণ প্রয়োজনে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারী অফিস সময়ের পর দায়িত্ব পালনে বাধ্য থাকবেন।
০৫। অতিরিক্ত সময় দায়িত্ব পালনের জন্য ওভারটাইম ও অন্যান্য ভাতা প্রাপ্য হবে না।
০৬। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়-দায়িত্ব বহন করতে হবে।
০৭। নিয়োজিত কর্মচারী কর্তব্য পালনকালে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করবে।
০৮। নির্বাচিত প্রতিষ্ঠানের নিকট থেকে সরকারী নিয়ম অনুযায়ী VAT/IT কর্তন করা হবে।
০৯। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।
১০। আউটসোর্সিং পদ্ধতিতে কর্মচারী সরবরাহের আগ্রহী প্রতিষ্ঠানকে নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্টাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
১১। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে আগামী ০৩-১২-২০১৫ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ টার মধ্যে সীলমোহরকৃত খামে গাড়ী চালক, এম,এল,এস,এস ও ক্লিনার পদের দরপ্রস্তাব উল্লেখপূর্বক ট্রেডলাইসেন্স, আয়কর পরিশোধের প্রমাণপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদিসহ ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ অবস্থিত যুব উন্নয়ন অধিদপ্তরে রক্ষিত দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখে বেলা ৩.০০ টা প্রাপ্ত দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
১২। আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৩/১১/১৫
(আবুল হাছান খান)
যুগ্ম-সচিব
পরিচালক (পরিকল্পনা)
ও
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।